আফগানিস্তান সিরিজ থেকে ছিটকে যাওয়ার শঙ্কায় মুশফিক

আফগানিস্তানের বিপক্ষে বড় হার দিয়ে সিরিজ শুরু করেছে বাংলাদেশ। তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথমটিতে ৯২ রানে হেরেছে টাইগাররা। ম্যাচে সাত নম্বরে ব্যাট করতে নামেন অভিজ্ঞ ক্রিকেটার মুশফিকুর রহিম। সন্দেহটা তখনই শুরু হয়। এরপর জানা গেছে উইকেটকিপিং করার সময় আঙুলে চোট পেয়েছেন তিনি।

এই চোটের কারণে সিরিজের পরের দুই ম্যাচ থেকে তিনি ছিটকে যাওয়ার শঙ্কায় মুশফিক। তার দ্বিতীয় ম্যাচে না খেলা অনেকটা নিশ্চিত। এই উইকেটরক্ষক ব্যাটারের চোট প্রসঙ্গে বিসিবির প্রধান চিকিৎসক ডা. দেবাশীষ চৌধুরী গণমাধ্যমকে বলেন, ‘আঙুলে চিড় হয়েছে বলে এখনো সাসপেক্ট করা হচ্ছে। পরীক্ষার পর নিশ্চিত হওয়া যাবে। বিস্তারিত এখনো আমাদের কাছে আসেনি।’

এছাড়া বিসিবির প্রধান নির্বাচক বলেন, ‘হ্যাঁ একটা চোট পেয়েছে। যেটা মনে হচ্ছে একটু সিরিয়াস। কতদিনের জন্য বাইরে থাকবে সেটা পরীক্ষার পর বোঝা যাবে। তবে আপাতত মনে হচ্ছে এই সিরিজে আর খেলতে পারবে না।’

আফগানিস্তান সিরিজের পর ওয়েস্ট ইন্ডিজে যাবে বাংলাদেশ দল। সেখানে দুই ম্যাচের টেস্ট সিরিজে মুশফিক দলের গুরুত্বপূর্ণ সদস্য। ক্যারিবিয়ানদের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজও আছে। চিড় ধরা পড়লে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজে খেলা নিয়েও শঙ্কায় পড়বেন তিনি।

সূত্র: ইত্তেফাক

বসুন্ধরা কিংসকে ডোবানো

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

# [redacted]

[redacted]

# [redacted]

[redacted]

বিপিএলের কথা মাথায় রেখে। বিপিএলের জন্য নিজেকে প্রস্তুত করছি। এর বাইরে এই মুহূর্তে মাথায় আর কিছু নেই।’

ক্যারিবীয়ান সফরের জন্য ব্যক্তিগতভাবে তৈরি হতে চান কিনা, জবাবে তামিম বলেন, ‘এই মুহূর্তে এই ধরনের কোনো পরিকল্পনা নেই। একদম পরিষ্কার জবাব, আমি শুধু বিপিএলের জন্য প্রস্তুত হচ্ছি।’

সূত্র: ইত্তেফাক

২৪ বছর পর ঘরের মাঠে হোয়াইটওয়াশ ভারত

তিন ম্যাচ টেস্টে সিরিজের প্রথম দুই ম্যাচে নিউজিল্যান্ডের কাছে হারে ভারত। এতেই এক ম্যাচ হাতে রেখে সিরিজ হাতছাড়া করে রোহিত শর্মার দল। হোয়াইটওয়াশ এড়াতে শেষ ম্যাচে জয়ের বিকল্প ছিল না ভারতের সামনে। এমন সমীকরণ নিয়ে মুম্বাই টেস্টে মাঠে নামে স্বাগতিকরা। রোমাঞ্চে ভরা ম্যাচে কিউইদের কাছে ২৫ রানে হেরেছে ভারত।

এতেই ২৪ বছর পর ঘরের মাঠে হোয়াইটওয়াশ হলো ভারত। সবশেষ ২০০০ সালে ঘরের মাঠে টেস্টে দক্ষিণ আফ্রিকার কাছে হোয়াইটওয়াশ হয়েছিল তারা। সেই সিরিজটি ২-০ তে হেরেছিল ভারত।

নিজেদের প্রথম ইনিংসে রবীন্দ্র জাদেজা ও ওয়াশিংটন সুন্দরের ঘূর্ণিতে বিপাকে পড়ে নিউজিল্যান্ড। ড্যারি মিচেল ও উইল ইয়োংয়ের ব্যাটে ভর করে ২৩৫ রানে অলআউট হয় নিউজিল্যান্ড। মিচেল ৮২ ও ইয়োং করেন ৭১ রান। জাদেজা ৫টি ও ওয়াশিংটন নেন ৪টি উইকেট।

জবাবে ব্যাট করতে নেমে আজাজ প্যাটেলের ঘূর্ণিতে ২৬৩ রানে অলআউট হয় ভারত। দলের পক্ষে সর্বোচ্চ ৯০ রান করেন শিবমন গিল। এছাড়া রিঝভ পন্থ করেন ৬০ রান। আজাজ প্যাটেল নেন ৫টি উইকেট। ২৮ রানের লিড পায় ভারত।

নিজেদের দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে ফের ভারতীয় বোলারদের

তোপের মুখে পড়ে নিউজিল্যান্ড। ফের ৫ উইকেটের দেখা পান জাদেজা। ইয়োংয়ের ফিফটিতে ভর করে ১৭৪ রানে অলআউট হয় কিউইরা। ৫১ রান করেন ইয়োং।

জয়ের জন্য ১৪৭ রানের টার্গেট দাঁড়ায় ভারতের সামনে। এই ছোট লক্ষ্য তাড়া করতে নেমে দলীয় ২৯ রানের মধ্যে ৫ উইকেট হারিয়ে ধুঁকতে থাকে ভারত। রোহিত ১১, গিল ১, বিরাট কোহলি ১, জয়সাওয়াল ৫ ও সরফরাজ ১ রান করে সাজঘরে ফিরে যান।

এরপর আগ্রাসী ব্যাটিং করতে থাকেন পন্থ। তার ব্যাটে ম্যাচে ফিরে ভারত। তবে তাকে সঙ্গ দিতে ব্যর্থ হন অন্য ব্যাটাররা। দলীয় ১০৬ রানে ৫৭ বলে ৬৪ রান আউট হন এই উইকেটরক্ষক ব্যাটার।

পন্থের বিদায়ে ম্যাচ থেকে ছিটকে যায় ভারত। এরপর দ্রুতই আরও তিন উইকেট হারিয়ে ২৯ ওভার ১ বলে ১২১ রানে অলআউট হয় ভারত। আজাজ প্যাটেল ৬টি ও গ্লেন ফিলিপস নেন ৩টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

সাফজয়ীদের সংবর্ধনা দিলেন প্রধান উপদেষ্টা

নেপালকে ২-১ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বারের মতো নারী সাফ চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতেছে বাংলাদেশ। শনিবার (২ নভেম্বর) সাফজয়ী দলকে সংবর্ধনা দিয়েছেন উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

সংবর্ধনা নিতে সাফজয়ী বাংলাদেশ নারী ফুটবল দল সকাল সাড়ে ১০টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রবেশ করেন। তাদের বেলা ১১টায় রাষ্ট্রীয় সংবর্ধনা দেওয়া হয়। সেখানে উপস্থিত ছিলে যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ।

এসময় নারী ফুটবল দলের পক্ষ থেকে ফুটবলারদের অটোগ্রাফ সংবলিত অধিনায়ক সাবিনা খাতুনের একটি জার্সি উপহার দেওয়া হয় প্রধান উপদেষ্টাকে। পরে নারী দলের সঙ্গে আনুষ্ঠানিক ফটোসেশন অংশ নেন

প্রধান উপদেষ্টা।

সাফজয়ী ২৩ নারী ফুটবলারকে সংবর্ধনা দিয়েছেন প্রধান উপদেষ্টা। সাফজয়ী ফুটবলারদের বাইরে সংবর্ধনায় আমন্ত্রণ জানানো হয় প্রধান কোচ পিটার বাটলার ও দলের ম্যানেজার মাহমুদা অনন্যাকে। তবে এই সংবর্ধনায় ছিলেন না কোনো বাফুফে কর্মকর্তা।

নেপালের কাঠমান্ডুতে বাংলাদেশের কন্টিনজেন্ট ছিল ৩২ জনের। ২৩ জন খেলোয়াড়ের পাশাপাশি কোচিং স্টাফ ও অন্যান্য কর্মকর্তা ছিলেন ৯ জন। প্রধান উপদেষ্টার বাসভবনে কোচিং স্টাফের মধ্যে শুধু হেড কোচ ও কর্মকর্তাদের মধ্যে ম্যানেজার গিয়েছিলেন। গোলরক্ষক কোচ, সহকারী কোচ, ফিজিও, মিডিয়া অফিসার যেতে পারেননি।

সূত্র: ইত্তেফাক

সাফ চ্যাম্পিয়নদের বরণ করতে প্রস্তুত ছাদ খোলা বাস

নেপালকে হারিয়ে টানা দ্বিতীয়বারের মতো নারী সাফ চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতেছে বাংলাদেশ। বুধবার (৩০ অক্টোবর) ফাইনালে কাঠমুন্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে স্বাগতিকদের ২-১ গোলে হারায় সাবিনা খাতুনের দল। সাফের শিরোপা নিয়ে আজ (বৃহস্পতিবার) দেশে ফিরবেন ফুটবলাররা।

বাংলাদেশ সময় দুপুর সোয়া দুইটায় ঢাকায় পৌঁছানোর কথা দক্ষিণ এশিয়ার চ্যাম্পিয়নদের। আর তাদের বরণ করতে প্রস্তুত ছাদ খোলা বাস। কমলাপুর বিআরটিসি বাস ডিপো থেকে কিছুক্ষণ পর বিমানবন্দরের উদ্দেশে রওনা হবে বাসটি। সাফ চ্যাম্পিয়নরা ছাদ খোলা বাসে করেই বাফুফে ভবনে পৌঁছাবেন।

বিআরটিসি বাসের দুই পাশে চ্যাম্পিয়ন দলের ছবি সেঁটে দেওয়া হয়েছে। দুই পাশে দুই টুর্নামেন্ট সেরার ছবি। বাম পাশে টুর্নামেন্টের সেরা খেলোয়াড় ঋতুপর্ণা চাকমা ও ডান পাশে সেরা গোলরক্ষক রূপনা

চাকমার ট্রফি নেওয়ার মুহূর্ত।

বিআরটিসির চেয়ারম্যান তাজুল ইসলাম গণমাধ্যমকে বলেন, ‘আমাদের ছাদ খোলা বাসটি আগের বানানো। আগে চারটি গাড়ির মধ্যে একটি গাড়ি আজকে সাফ বিজয়ীদের আনতে যাবে। বাফুফে আমাদেরকে বলামাত্র আমরা গাড়িটি ধুয়ে মুছে পরিষ্কার করেছি। ইভেন্ট ম্যানেজমেন্টের লোকগুলো শুধু গাড়িতে স্টিকার লাগিয়েছে। এখানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের লোক আছে, বাফুফের লোকজন আছে। গাড়িটি আন্তর্জাতিক বাস ডিপোতে প্রস্তুত আছে।’

এর আগে ২০২২ সালে এই নেপালকে হারিয়ে প্রথমবারের মতো সাফ জিতেছিল বাংলার মেয়েরা। সেবার প্রথম ছাদ খোলা বাসে করে তাদের বরণ করা হয়েছিল।

সূত্র: ইত্তেফাক

ইয়াশিন ট্রফি জিতে এমি মার্টিনেজের রেকর্ড

ক্লাব ও আন্তর্জাতিক ফুটবলে দাপুটে পারফরম্যান্স উপহার দিয়ে এবারও তার স্বীকৃতি পেলেন অ্যাস্টন ভিলার আর্জেন্টাইন গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। প্রথম গোলরক্ষক হিসেবে টানা দুইবার ইয়াশিন ট্রফি জয়ের রেকর্ড গড়েছেন তিনি।

মঙ্গলবার (২৯ অক্টোবর) দিবাগত রাতে প্যারিসের থিয়েটার দু শাতলেতে জমকালো ব্যালন ডি’অর অনুষ্ঠানে মার্টিনেজের হাতে তুলে দেওয়া হয় সেরা গোলরক্ষকের স্বীকৃতি ‘লেভ ইয়াশিন ট্রফি’। পুরস্কারটি তুলে দেন তারই জাতীয় দলের সতীর্থ ও ইন্টার মিলান স্ট্রাইকার লাউতারো মার্টিনেজ।

সোভিয়েত ইউনিয়নের কিংবদন্তি গোলরক্ষক লেভ ইয়াশিনের নামে ২০১৯ সাল থেকে বর্ষসেরা গোলরক্ষককে এই পুরস্কার দিয়ে আসছে ফ্রেঞ্চ ফুটবল। প্রথম ফুটবলার হিসেবে দুবার এই পুরস্কার জিতে যেন

বিশ্বাসই হচ্ছে না মার্টিনেজের। তিনি বলেন ‘এটা একবার জেতাই তো অনেক সম্মানের, সেখানে পরপর দুইবার জিততে পারা! আমার বিশ্বাসই হচ্ছে না!’

বিশ্বকাপজয়ী এই গোলরক্ষক আরও বলেন, ‘এটি আমার জন্য অনেক বড় ব্যাপার। জাতীয় দলের হয়ে সবসময়ই আমি খেলার স্বপ্ন দেখে এসেছি। এরপর এতে কম বয়সে ইংল্যান্ডে আসা এবং অ্যাস্টন ভিলা ও আর্জেন্টিনার জার্সিতে খেলা!’

বর্ষসেরা গোলরক্ষকের স্বীকৃতি পাওয়ার পরও নিজেকে সেরা মানতে নারাজ ৩২ বছর বয়সী এই ফুটবলার। তিনি বলেন ‘নিজেকে আমি সেরা হিসেবে দেখি না। অনেক ভালো গোলরক্ষক আছে যাদের প্রতি সপ্তাহেই আমি দেখছি। আমি কেবল দলীয় প্রচেষ্টাকেই গুরুত্ব দেই আর নিজের উন্নতি করতে চাই। অ্যাস্টন ভিলার হয়ে উন্নতির ধারাটি ধরে রাখতে চাই।’

সেরা হওয়ার লড়াইয়ে এবার তিনি পেছনে ফেলেছেন রিয়াল মাদ্রিদের আন্দ্রিই লুনিন, স্পেন ও অ্যাথলেতিক বিলবাওয়ের উনাই সিমোন এবং ফ্রান্স ও পিএসজির জিয়ানলুইজি দোন্নারুম্মার মতো তারকা গোলরক্ষকদের।

সূত্র: ইত্তেফাক

অবসরের পরেই অস্ট্রেলিয়ার সহকারী কোচ ম্যাথু ওয়েড

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক ব্যাটার ম্যাথু ওয়েড। মঙ্গলবার (২৯ অক্টোবর) অবসরের ঘোষণা দেওয়ার পরপরই অস্ট্রেলিয়া জাতীয় দলে সহকারী কোচের দায়িত্ব পেয়েছেন টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী এই ক্রিকেটার।

আগামী মাসে পাকিস্তানের বিপক্ষে ঘরের মাঠে টি-টোয়েন্টি সিরিজে অস্ট্রেলিয়া দলের হয়ে কাজ করবেন ওয়েড। অবসরের ঘোষণা দিয়ে এই

উইকেটরক্ষক ব্যাটার বলেন, ‘সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপের পরেই আমার মনে হয়েছে, সম্ভবত আন্তর্জাতিক ক্যারিয়ার এখানেই শেষ। গত ছয় মাসে জর্জ বেইলি ও অ্যান্ড্রু ম্যাকডোনাল্ডের সঙ্গে প্রতিনিয়ত কথা বলেই আন্তর্জাতিক ক্রিকেট ছাড়ার সিদ্ধান্ত নিয়েছি।’

কোচিংয়ে যোগ দেওয়া প্রসঙ্গে তিনি আরও বলেন, ‘কয়েক বছর ধরেই কোচিংয়ের কথাটা মাথায় ছিল। ভাগ্যক্রমে ভালো সুযোগই পেয়ে গেলাম। আমি খুব রোমাঞ্চিত এ নিয়ে।’

২০১১ থেকে ২০২৪ সাল পর্যন্ত অস্ট্রেলিয়ার হয়ে ৩৬টি টেস্ট, ৯৭টি ওয়ানডে ও ৯২টি টি-টোয়েন্টি খেলেছেন ওয়েড। ২০২১ সালে অস্ট্রেলিয়াকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতাতেও বড় ভূমিকা রেখেছিলেন তিনি।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ফাইনাল খেলা অনুষ্ঠিত

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) বিকেলে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মেহেদী হাসান রোলেক্সের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র যুগ্ন সাধারন সম্পাদক আবু তালেব ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।